DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 02:26 PM

আন্তর্জাতিক

# নিষেধাজ্ঞা দিয়ে ইরানের সরকারের পতন হবে না, মার্কিন কৌশল নিয়ে সতর্কবার্তা

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি: সংগৃহীত

ইরানের ওপর যুক্তরাষ্ট্রের নতুন নিষেধাজ্ঞা দেশটির শাসনব্যবস্থার পতন ঘটাতে পারবে না, তবে তা ইরানের অর্থনীতি ও ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরকে (আইআরজিসি) বড় ধরনের ক্ষতির মুখে ফেলতে পারে বলে মন্তব্য করেছেন যুক্তরাষ্ট্রের সাবেক উপসহকারী প্রতিরক্ষামন্ত্রী মাইকেল মুলরয়।

আল জাজিরাকে দেওয়া এক সাক্ষাৎকারে মুলরয় বলেন, ওয়াশিংটনের নতুন নিষেধাজ্ঞার পরিধি শুধু ইরানের মধ্যেই সীমাবদ্ধ থাকবে না। এসব পদক্ষেপের মাধ্যমে তেহরানের সঙ্গে বাণিজ্যিক ও আর্থিক সম্পর্ক রয়েছেএমন দেশ, প্রতিষ্ঠান ও সংস্থাগুলোকেও লক্ষ্যবস্তু করা হবে।

মুলরয়ের ভাষায়, এগুলো সেকেন্ডারি স্যাংশন। অর্থাৎ ইরানের সঙ্গে বাণিজ্য বা লেনদেনে যুক্ত তৃতীয় পক্ষগুলোর ওপরও নিষেধাজ্ঞা

আরোপ করা হতে পারে। চীনসহ অন্যান্য দেশ এবং ইরানের আর্থিক লেনদেন সম্পন্ন করা ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানও এর আওতায় আসতে পারে বলে তিনি জানান।

ইরানের ওপর নিষেধাজ্ঞা এড়ানোর ক্ষেত্রে ব্যবহৃত অবকাঠামোর বিরুদ্ধেও যুক্তরাষ্ট্র ব্যবস্থা নিচ্ছে বলে জানান মুলরয়। বিশেষ করে ইরানি তেল পাচার ও নিষেধাজ্ঞা এড়াতে ব্যবহৃত ‘শ্যাডো ফ্লিট’ বা ছায়া নৌবহরকে লক্ষ্য করা হচ্ছে বলে উল্লেখ করেন তিনি।

তবে এসব পদক্ষেপের কার্যকারিতারও সীমাবদ্ধতা রয়েছে বলে মনে করেন মুলরয়। তার মতে, নিষেধাজ্ঞার মাধ্যমে ইরানের শাসনব্যবস্থার পতন ঘটানো সম্ভব হবে না। তবে দেশটির অর্থনীতি এবং আইআরজিসির অর্থায়নে বড় ধরনের চাপ সৃষ্টি করা যাবে। এর ফলে সংগঠনটির অর্থের প্রবাহ উল্লেখযোগ্যভাবে কমে যেতে পারে।

মুলরয় মনে করেন, যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ রাজনৈতিক বাস্তবতাও নিষেধাজ্ঞা আরোপের সিদ্ধান্তে ভূমিকা রেখেছে। তার মতে, মার্কিন মধ্যবর্তী নির্বাচনের আগে সামরিক উত্তেজনা আরও বাড়ানোর পরিবর্তে নিষেধাজ্ঞাকে বিকল্প হিসেবে বেছে নেওয়া হয়েছে। কারণ ইরানের সঙ্গে চলমান যুদ্ধ মার্কিন জনগণ ও জনমতের কাছে খুব বেশি জনপ্রিয় নয়।

তবে পরিস্থিতি আরও খারাপ হওয়ার আশঙ্কাও রয়েছে বলে সতর্ক করেন তিনি। ইরান যদি মধ্যপ্রাচ্যের কোনো মিত্রদেশ বা মার্কিন স্থাপনায় হামলা চালায়, তাহলে বর্তমান অচলাবস্থা সামরিক সংঘাতে রূপ নিতে পারে বলে মন্তব্য করেন মুলরয়।

---

## এ বিভাগের আরও খবর



**২৪০ যাত্রী নিয়ে জাভা সাগরে নিখোঁজ জাহাজ**
ইন্দোনেশিয়ার পূর্ব জাভা থেকে বোর্নিও দ্বীপের দক্ষিণ কালিমন্তানের পথে ২৪০ যাত্রী নিয়ে একটি যাত্রীবাহী জাহাজের যোগাযোগ বিচ্ছিন্ন হয়েছে। রবিবার...




**সৌদি সামরিক ঘাঁটিতে হুথিদের মিসাইল-ড্রোন হামলা**
সৌদি আরবের দক্ষিণাঞ্চলের একটি সামরিক ঘাঁটিতে মিসাইল ও ড্রোন হামলা চালিয়েছে ইয়েমেনের হুথি বিদ্রোহীরা। বাংলাদেশ সময় রোববার (১৩ সেপ্টেম্বর) মধ্...



**মধ্যপ্রাচ্যে আগ্রাসন ও একতরফা শুল্ক আরোপে নিন্দা ব্রিকসের নেতাদের**

জাতিসংঘ নিরাপত্তা পরিষদের (ইউএনএসসি) কাঠামোগত পরিবর্তন-সহ বহুপক্ষীয় সংস্থাগুলোর সংস্কারের জোর দাবি জানিয়েছেন ব্রিকসের শীর্ষ নেতারা। পাশাপা...

---



**হুথিদের হামলায় সৌদির জিজানে মসজিদসহ বহু স্থাপনা ক্ষতিগ্রস্ত**

ইয়েমেনের হুথি বিদ্রোহীদের হামলায় সৌদি আরবের জিজান প্রদেশে একটি মসজিদসহ বহু ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। সৌদি আরবের সিভিল ডিফেন্স জানিয়েছে, হুথি...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/international/nishedhajna-diye-iraner-srkarer-ptn-hbe-na-markin-koushl-niye-strkbarta